গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(আইসিটি শাখা)
www.rajshahi.gov.bd

জেলা আইসিটি বিষয়ক কমিটির জুন ২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী

স্থান : জেলা প্রশাসক এঁর কার্যালয়, রাজশাহী হতে জুম সফটওয়্যারের মাধ্যমে

তারিখ : ২২ জুন ২০২১, সময় : বেলা ১২.১৫ টা

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক তে বর্ণিত হলো)

জেলা প্রশাসক, রাজশাহী এবং সভাপতি, জেলা আইসিটি কমিটি কর্তৃক সভার শুরুতেই সকল সদস্যকে শুভেচ্ছা জানানো হয়। অত:পর জেলা প্রশাসকের অনুমতিক্রমে প্রোগ্রামার, রাজশাহী ও সদস্য সচিব, জেলা আইসিটি বিষয়ক কমিটি নিম্নোক্ত আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়:

আলোচ্য সূচির ক্রম	বিষয়	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ**	সভায় গত ১৬ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কারোও কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	গত ১৬ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	---
০২.	**ওয়েব পোর্টাল হালনাগাদকরণ**	সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে তাদের নিজ নিজ দপ্তরের তথ্যগুলো নিয়মিত হালনাগাদ করার জন্য অনুরোধ জানানো হয়। বর্তমানে ওয়েব পোর্টালের অন্তর্ভূক্ত সর্বাপেক্ষা দুর্বল দপ্তরের নাম জানতে চাইলে প্রোগ্রামার জানান, জেলা প্রানিসম্পদ দপ্তর, পুলিশ সুপারের কার্যালয়, জেলা নির্বাচন অফিস, জনশক্তি ও কর্মসংস্থান, পানি উন্নয়ন বোর্ড, বিটিসিএল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গণপূর্ত বিভাগ-২, কেন্দ্রীয় কারাগার, বিআরটিএ কার্যালয়গুলোতে ৪.৭৪% হতে ১.৭২% অসম্পূর্ণতা রয়েছে **(পরিশিষ্ট-খ)**। জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় বলেন, মুজিব বর্ষ উপলক্ষে সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করতে হবে। সেইসাথে সকল দপ্তর প্রধানকে মাসে অন্তত ০২ বার ওয়েব পোর্টালে লগইন করার পরামর্শ প্রদান করেন।	২.১) জেলার সকল দপ্তর প্রধান তাঁদের নিজ নিজ দপ্তরের পোর্টাল নিয়মিত হালনাগাদ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল দপ্তর প্রধান
			২.২) যে সকল দপ্তরের ওয়েব পোর্টালে অসম্পূর্ণতা রয়েছে তাদেরকে আগামী সভার পূর্বে অসম্পূর্ণতা দূরীকরণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রাজশাহী
			২.৩) প্রোগ্রামার আগামী সভায় বর্ণিত দপ্তরগুলোর বর্তমান অবস্থার প্রতিবেদন উপস্থাপন করবেন এবং সর্বাপেক্ষা দুর্বল আরো ১০টি দপ্তরের তথ্য সভাকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী
			২.৪) সকল দপ্তর প্রধান প্রতি মাসে অন্তত ০২ বার ওয়েব পোর্টালে লগইন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল দপ্তর প্রধান
০৩.	**ই-নথি**	সভাপতি সভাকে অবহিত করেন যে, ই-নথি কার্যক্রমের ড্যাশবোর্ড পর্যালোচনায় দেখা যায়, ই-নথি সিস্টেমের জরুরি মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় জেলা, উপজেলা এবং ভূমি অফিসসমূহের কার্যক্রম বিবরণী রিপোর্ট সাময়িকভাবে বন্ধ রয়েছে।		

আলোচ্য সূচির ক্রম	বিষয়	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪.	ই- নামজারি	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভাকে জানান, সহকারী কমিশনার (ভূমি) গণের কার্যালয়ে মে ২০২১ মাসে মোট ২৭৮২ টি ই-নামজারী কার্যক্রম সম্পন্ন হয়েছে **(পরিশিষ্ট-গ)**।	৪.১) সকল সহকারী কমিশনার (ভূমি) কে ই-নামজারি কার্যক্রম শতভাগ সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	সহকারী কমিশনার (ভূমি), (সকল), রাজশাহী
০৫.	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	সভাপতি বলেন, সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সকল উপজেলা নির্বাহী অফিসার, সকল সহকারী কমিশনার (ভূমি), সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিসার এবং সকল সহকারী প্রোগ্রামার নিয়মিত সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ পরিদর্শন এবং তদারকি করবেন।	৫.১) জেলার সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), সহকারী কমিশনার (আইসিটি শাখা), প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার নিয়মিত পরিদর্শন এবং তদারকি করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হলো।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী ০৩. সহকারী কমিশনার (ভূমি) (সকল), রাজশাহী ০৪. সহকারী কমিশনার, আইসিটি ০৫. প্রোগ্রামার, রাজশাহী ০৬. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী ০৭. সহকারী প্রোগ্রামার (সকল), রাজশাহী
০৬.	মাল্টিমিডিয়া ক্লাসরুম	সকল উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। মাল্টিমিডিয়া ক্লাসরুমে শিক্ষকদের মানসম্মত কনটেন্ট আপলোড করার বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে।	৬.১) সকল উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে মাল্টিমিডিয়া সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করছেন কিনা দেখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	০১. উপজেলা নির্বাহী অফিসার, সকল, রাজশাহী ০২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী
০৭.	ইউনিয়ন ডিজিটাল সেন্টার	সভাপতি মহোদয় বলেন, রাজশাহী জেলার ইউডিসি ও উদ্যোক্তাদের কাজে সার্বিক সহযোগিতা করতে হবে। তাদের বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা অতীব জরুরী। উপস্থাপিত প্রতিবেদনে দেখা যায়, রাজশাহী জেলার ১৪টি পৌর ডিজিটাল সেন্টারের মে ২০২১ মাসে মোট আয় ১,১১,৬৭০/- টাকা এবং মোট সেবা প্রদান করা হয়েছে ২,২৯০ জনকে। ৭২টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার গত মে ২০২১ মাসে মোট আয় করেছে ১৪,৯৮,৩৬৯/- টাকা এবং সেবা প্রদান করেছে ২,৬৮,৫১৬ জনকে **(পরিশিষ্ট-ঘ)**।	৭.১) সকল পৌরসভা ডিজিটাল সেন্টারের কার্যক্রম বাড়াতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।	০১. উপজেলা চেয়ারম্যান (সকল), রাজশাহী ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী

আলোচ্য সূচির ক্রম	বিষয়	বিস্তারিত আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৮.	**তথ্য ও সেবা ৩৩৩, জরুরি সেবা ৯৯৯, স্বাস্থ্যসেবা ১৬২৬৩, দুদক ১০৬, দূর্যোগের আগাম বার্তা ১০৯০ সহ অন্যান্য সকল সরকারি সেবাসমূহ**	বাল্যবিবাহ, ভেজাল দ্রব্য, মাদক, ইভটিজিংসহ সকল সামাজিক সমস্যার বিষয়ে জেলা প্রশাসনকে জানাতে ও সরকারি সেবার তথ্য জানতে ৩৩৩ এর গুরুত্ব জনসাধারণের নিকট প্রচারের জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।	৮.১) ৩৩৩ এর উপকারিতার কথা সর্বসাধারণের মধ্যে ব্যাপক প্রচারণার লক্ষ্যে সকল উপজেলা নির্বাহী অফিসার, শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় ক্যাবল চ্যানেল, ইসলামিক ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।	০১. জেলা প্রশাসন, রাজশাহী ০২. উপজেলা প্রশাসন, রাজশাহী ০৩. রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ ০৪. জেলা তথ্য অফিস (ব্যাপক প্রচারণার জন্য)
		নিরাপত্তা ও আইন-শৃংখলা বিষয়ক সমস্যার সমাধানে বাংলাদেশ পুলিশ বিভাগের সহায়তা গ্রহণের জন্য ৯৯৯ এর গুরুত্ব জনসাধারণের নিকট প্রচারের জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।	৮.২) ৯৯৯ এর উপকারিতার কথা জনসাধারণের মাঝে ব্যাপকভাবে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হলো।	জেলা তথ্য অফিস (ব্যাপক প্রচারণার জন্য)
			৮.৩) জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় দুদক এর ১০৬ এর সম্পর্কে বিস্তারিত বলেন। তিনি সকল কর্মকর্তা ও কর্মচারীকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানান।	রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ
			৮.৪) তথ্য ও সেবা ৩৩৩, জরুরি সেবা ৯৯৯, স্বাস্থ্যসেবা ১৬২৬৩, দূর্যোগের আগাম বার্তা ১০৯০ সহ অন্যান্য সকল সরকারি সেবাসমূহের তথ্য bangladesh.gov.bd ঠিকানা হতে সংগ্রহের বিষয়টি জনগণের মাঝে ব্যাপক প্রচারণার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।	রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ

সভাপতি জানান, একটি জেলার উন্নয়নে আইসিটির ভূমিকা অপরিসীম। কোভিড-১৯ এর দূর্যোগ কালীন সময়ে তথ্য ও প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে ঘরে থাকতে হবে। সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলা এবং সবার সুস্বাস্থ্য কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আব্দুল জলিল)
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি